গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সেটেলমেন্ট অফিসারের কার্যালয়
দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, ঢাকা
২৮, শহীদ তাজ উদ্দিন আহমেদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.diara.gov.bd

## দিয়ারা সেটেলমেন্ট অফিসার, ঢাকার ৩০ তম দ্বি-মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: সায়েদুল আরেফিন<br>সেটেলমেন্ট অফিসার (ভারপ্রাপ্ত),<br>দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, ঢাকা |
| সভার স্থান | : | জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা এর সম্মেলন কক্ষ |
| তারিখ ও সময় | : | ২৮/০১/২০২৬ খ্রি., রোজ: বুধবার, সকাল- ১০:৩০ ঘটিকা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তা-কর্মচারীকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি ভূমি মন্ত্রণালয় এবং ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী বিভিন্ন স্তরের পেন্ডিং কাজগুলো সুনির্দিষ্ট সময়ের মধ্যে সঠিক ও বাস্তবায়নযোগ্য কর্মপরিকল্পনা করে দ্রুত সমাপ্ত করার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় সদর সহকারী সেটেলমেন্ট অফিসার, জনাব মতিউর রহমান বিগত ০৪/১২/২০২৫খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সেটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। তিনি কার্যক্রম অনুযায়ী আঞ্চলিক অফিসভিত্তিক ম্যানুয়াল ও ডিজিটাল জরিপ কাজের অগ্রগতি ও বিবিধ বিষয় উপস্থাপন করেন। ০৪(চার)টি আঞ্চলিক অফিসের ম্যানুয়াল ও ডিজিটাল জরিপ কার্যক্রমের জানুয়ারি/২০২৬ খ্রি. মাস পর্যন্ত অগ্রগতি ও অবশিষ্ট কাজের চিত্র ছক আকারে নিম্নরূপভাবে উপস্থাপন করেন।

০২। সভায় আলোচনাকালে ম্যানুয়াল/ডিজিটাল জরিপের পেন্ডিং কার্যক্রমের চিত্র উপস্থাপন করা হয়।

(ক) ম্যানুয়াল জরিপের চিত্র:

| ক্রম: | অঞ্চলের নাম | ট্রাভার্স | কিস্তোয়ার | খানাপুরী কাম বুঝারত | তসদিক | তসদিক যাঁচ | খসড়া প্রকাশনা | আপত্তি | আপীল | চূড়ান্ত যাঁচ | খতিয়ান মুদ্রণ | নকশা মুদ্রণ | চূড়ান্ত প্রকাশনা | গেজেট প্রস্তাব প্রেরণের অপেক্ষায় | গেজেট প্রস্তাব প্রেরণ | গেজেট বিজ্ঞপ্তি জারী | ভলিউম বাঁধাই | হস্তান্তর | পেন্ডিং |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | বরিশাল | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০১ | ০ | ০ | ০ | ০৪ | ০৪ | ০ | ০ | ০ | ০ | ০৯ |
| ০২. | রাজশাহী | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০২ | ০ | ০ | ০ | ০ | ০২ |
| ০৩. | চট্টগ্রাম | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০০ |
| ০৪. | নরসিংদী | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০২ | ০ | ০ | ০ | ০ | ০২ |
| | মোট= | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০১ | ০ | ০ | ০ | ০৪ | ০৮ | ০ | ০ | ০ | ০ | ১৩ |

(খ) ডিজিটাল জরিপের চিত্র:

| ক্রম: | অঞ্চলের নাম | ট্রাভার্স | কিস্তোয়ার | খানাপুরী কাম বুঝারত | তসদিক | তসদিক যাঁচ | খসড়া প্রকাশনা | আপত্তি | আপীল | চূড়ান্ত যাঁচ | খতিয়ান মুদ্রণ | নকশা মুদ্রণ | চূড়ান্ত প্রকাশনা | গেজেট প্রস্তাব প্রেরণের অপেক্ষায় | গেজেট প্রস্তাব প্রেরণ | গেজেট বিজ্ঞপ্তি জারী | ভলিউম বাঁধাই | হস্তান্তর | পেন্ডিং |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | বরিশাল | ০ | ০৫ | ০৭ | ০ | ০২ | ০ | ০৪ | ০২ | ০৪ | ০ | ০৩ | ০২ | ০ | ০ | ০ | ০ | ০ | ২৯ |
| ০২. | রাজশাহী | ০ | ০৪ | ০৮ | ০২ | ০ | ০ | ০১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১৫ |
| ০৩. | চট্টগ্রাম | ০ | ০৩ | ০৯ | ০১ | ০ | ০ | ০১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০১ | ০ | ০ | ১৫ |
| ০৪. | নরসিংদী | ০ | ০১ | ০২ | ০৪ | ০৩ | ০১ | ০ | ০২ | ০২ | ০৩ | ০ | ০ | ০ | ০ | ০১ | ০ | ০ | ১৯ |
| | মোট= | ০ | ১৩ | ২৬ | ০৭ | ০৫ | ০১ | ০৬ | ০৪ | ০৬ | ০৩ | ০৩ | ০২ | ০ | ০ | ০২ | ০ | ০ | ৭৮ |

০৩। জনাব নীলুফা সরকার, সিনিয়র সহকারী সচিব ও চার্জ অফিসার, দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, রাজশাহী সভাকে জানান যে, ম্যানুয়াল পদ্ধতিতে রাজশাহী অঞ্চলে ১০৬টি মৌজার মধ্যে ১০৪ টি মৌজা জরিপের যাবতীয় কার্যক্রম সমাপ্ত হওয়ায় হস্তান্তর করা হয়েছে এবং **০২** টি মৌজা ১৯৩৫ সালের এস.এস ম্যানুয়েলের ৫৩৩ বিধিতে মিসকেস চলমান রয়েছে। এছাড়া ডিজিটাল পদ্ধতিতে রাজশাহী অঞ্চলে ২৩টি মৌজার কর্মসূচি গ্রহণ করে জরিপের যাবতীয় কার্যক্রম সম্পন্ন হওয়ায় ০৮ টি মৌজা হস্তান্তর করা হয়েছে, অবশিষ্ট ১৫ টি মৌজা বিভিন্ন স্তরের কার্যক্রম চলমান আছে।

**(ক) ম্যানুয়াল পদ্ধতি:** (১) চাঁপাই নবাবগঞ্জ জেলাধীন নবাবগঞ্জ উপজেলার ১৫৭নং চর বাগডাঙ্গা ও ১৬৭নং দেবীনগর মৌজার এস.এস ম্যানুয়াল,১৯৩৫ এর ৫৩৩ বিধিতে মিসকেস শুনানীর কার্যক্রম চলমান রয়েছে।

**(খ) ডিজিটাল পদ্ধতি:** (১) নাটোর জেলার লালপুর উপজেলার ৪৫নং নওসারা সুলতান ও ৫৫নং দিয়ারা শংকরপুর এবং রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলার ৩০৭নং দিয়ার মানিকচর ও ৩০৮নং আষাড়িয়াদহ মৌজাসমূহ জনগণের বাঁধার কারনে কিস্তোয়ার স্তরের কাজ বন্ধ রয়েছে।

(২) রাজশাহী জেলার পবা উপজেলার ২৬ নং চর মাঝের দিয়ার, ২৭নং নয়া মাঝের দিয়ার, ২৮নং মাঝার দিয়ার, ১৪৯নং শ্যামপুর, ২৫নং জাজিরা চর ডুমুরিয়া ও নাটোর জেলার লালপুর উপজেলার ১৪৪নং নুরুল্লাপুর ও ১৫৬নং বড় পালিদহ মৌজার খানাপুরী কাম বুঝারত স্তরের কার্যক্রম চলমান রয়েছে। বগুড়া জেলার সোনাতলা উপজেলার ১০১নং পূর্ব সুজাতপুর মৌজার ৭৬২৪/২৫নং রীটের কারণে খানাপুরী-কাম-বুঝারত স্তরের কার্যক্রম বন্ধ থাকায় ২৯তম দ্বি-মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক কর্মসূচি হতে বাতিলের প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

(৩) রাজশাহী জেলাধীন বাঘা উপজেলার ৫৯নং ভানুকর মৌজার তসদিক স্তরের কাজ চলমান রয়েছে এবং একই জেলাধীন বাঘা উপজেলার ১৮১নং সুলতানগঞ্জ মৌজার তসদিক স্তরে কার্যক্রম সম্পাদনের জন্য কর্মকর্তা নিয়োগ দেয়া হয়নি।

(৪) চাঁপাই নবাবগঞ্জ জেলাধীন শিবগঞ্জ উপজেলার ১৩২নং ঘোড়াপাখিয়া মৌজার ৩০ বিধিতে আপত্তি শুনানীর সমাপ্ত হওয়ায় ইতোমধ্যে প্রায় ১০০০টি আপীল মামলা দায়ের হয়েছে।

০৬। জনাব মো: আলতাব হোসেন, সহকারী সেটেলমেন্ট অফিসার (চ.দা.), কারিগরী উপদেষ্টা, দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, ঢাকা ও ক্যাম্প অফিসার, দিয়ারা অপারেশন ক্যাম্প, নরসিংদী জানান যে, ম্যানুয়াল পদ্ধতিতে নরসিংদী অঞ্চলের ১৩৫টি মৌজার কর্মসূচি গ্রহণ করে জরিপের যাবতীয় কার্যক্রম সমাপ্ত করে ১৩৩টি মৌজা হস্তান্তর করা হয়েছে , অবশিষ্ট ০২টি মৌজা ৫৩৩ ও ৫৩৭ বিধিতে মিসকেস শুনানীর কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ডিজিটাল পদ্ধতিতে নরসিংদী অঞ্চলে ২৫টি মৌজার কর্মসূচী গ্রহণ করে জরিপের যাবতীয় কার্যক্রম সমাপ্ত করে ০৬ টি মৌজা হস্তান্তর করা হয়েছে এবং অবশিষ্ট ১৯ টি মৌজা (কিস্তোয়ার-০১টি, খানাপুরী-কাম-বুঝারত-০২টি, তসদিক-০৪টি, তসদিক যাঁচ-০৩টি, খসড়া প্রকাশনা-০১টি, আপীল-০২টি, চূড়ান্ত যাঁচ-০২টি, মুদ্রণ-০৩টি, হস্তান্তরের অপেক্ষায়-০১টি) বিভিন্ন স্তরের কার্যক্রম চলমান রয়েছে।

**(ক) ম্যানুয়াল পদ্ধতি:** (১) নরসিংদী জেলাধীন মনোহরদী উপজেলার ৩২নং চর মান্দালিয়া মৌজার এস. এস ম্যানুয়াল,১৯৩৫ এর ৫৩৭ বিধিতে দায়েরকৃত মিসকেস শুনানী সমাপ্ত হওয়ায় হস্তান্তরের প্রক্রিয়াধীন আছে। নরসিংদী জেলাধীন সদর উপজেলার ৪৮নং সাটির পাড়া মৌজার এস. এস ম্যানুয়াল,১৯৩৫ এর ৫৩৩ বিধিতে মিসকেস শুনানী চলমান রয়েছে। মিসকেস শুনানী পর গেজেট বিজ্ঞপ্তি জারী প্রস্তাব প্রেরণ করা হবে।

**(খ) ডিজিটাল পদ্ধতি: (১)** মানিকগঞ্জ জেলার ঘিওর উপজেলার ১২নং চর বাইলজুরী মৌজার ড্রোনের মাধ্যমে কিস্তোয়ার স্তরে কার্যক্রম পরিচালনার পরিকল্পনাধীন রয়েছে। ড্রোন পরিচালনায় দক্ষ জনবল নিয়োগ সাপেক্ষে কিস্তোয়ার স্তরের কার্যক্রম আরম্ভ করা হবে।

(২) জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার ৪২ নং শুকনাগাড়ী ও ২৯নং চর পাকেরদহ মৌজা জনগণের বাঁধার কারণে খানাপুরী-কাম-বুঝারত স্তরে কার্যক্রম বন্ধ আছে।

(৩) মানিকগঞ্জ জেলাধীন ঘিওর উপজেলার ৫৯নং জাবরা, মুন্সিগঞ্জ জেলাধীন গজারিয়া উপজেলার ০৯নং হিরাদী, মুন্সীগঞ্জ জেলাধীন সদর উপজেলার ৩৭নং পশ্চিম মুক্তারপুর ও মানিকগঞ্জ জেলাধীন ঘিওর উপজেলার ৬৫নং পূর্ব কুসুন্ডা মৌজার তসদিক স্তরের কার্যক্রম চলমান রয়েছে।

(৪) মানিকগঞ্জ জেলাধীন শিবালয়.উপজেলার ১১নং আলোকদিয়া, ০৫নং চর কাঞ্চনদিয়া ও০৪নং শুকুলিয়া মৌজার তসদিক যাঁচ কার্যক্রম চলমান রয়েছে। তসদিক যাঁচ স্তরের কার্যক্রম সম্পন্ন হলে ডিপি (খসড়া প্রকাশনা) স্তরে উন্নীত করা হবে।

(৫) মানিকগঞ্জ জেলাধীন শিবালয় উপজেলার ০৬নং চর খাদুলী মৌজার ডিপি (খসড়া প্রকাশনা) স্তরের উন্নীত হয়েছে। ডিপি (খসড়া প্রকাশনা) জন্য কর্মকর্তা নিয়োগ করা যেতে পারে।

(৬) মাদারীপুর জেলাধীন শিবচর উপজেলার ৯৬নং কাঁঠালবাড়ীয়া মৌজার ৩০ বিধিতে আপত্তি শুনানী সমাপ্ত হয়ে আপীল স্তরে উন্নীত হয়েছে। মুন্সীগঞ্জ জেলার সদর উপজেলার ৬৫নং চর আব্দুল্লাহপুর মৌজার ৫০টি আপিল মামলা শুনানী অপেক্ষায় আছে। আপীল শুনানীর জন্য কর্মকর্তা নিয়োগ করা যেতে পারে।

(৭) মানিকগঞ্জ জেলার সদর উপজেলার ২৩৭ নং বড় বিজুরী মৌজার ২৮২৮টি খতিয়ান ও জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার ৩৬নং মির্জাপুর মৌজার ১৫৪২টি খতিয়ানের চূড়ান্ত যাঁচ স্তরের কার্যক্রম চলমান রয়েছে।

(৮) মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলার ৭১নং চর সিংগাইর, সদর উপজেলার ৩১নং উকরা ও জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার ১১২নং চর শুভগাছা মৌজার প্রতিটি খতিয়ানের ০১কপি যাঁচাইঅন্তে সেটেলমেন্ট প্রেসে প্রেরণ করা হয়েছে। মুদ্রিত খতিয়ান প্রাপ্তি সাপেক্ষে চূড়ান্ত প্রকাশনার কর্মসূচি গ্রহণ করা হবে।

(৯) নারায়ণগঞ্জ জেলাধীন সোনারগাঁও উপজেলার ২৩৭নং দুদঘাটা মৌজার চূড়ান্ত প্রকাশনার গেজেট জারী হওয়ায় বাঁধাইকৃত খতিয়ানের রেকর্ড ভলিউম গ্রহনের জন্য ১৪/০১/২০২৬খ্রি. তারিখের ১৭৪নং স্মারকে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জকে পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়েছে।

০৭। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

**(ক) দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, রাজশাহী।**

| ক্রম: | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১. | রাজশাহী জেলাধীন পবা উপজেলার ২৬নং চর মাঝের দিয়ার, ২৭ নং নয়া মাঝের দিয়ার, ২৮নং মাঝার দিয়ার মৌজার বাউন্ডারী সমস্যাজনিত কারণে বাউন্ডারী সিট বাদ দিয়ে ০৩/০২/২০২৬খ্রি. তারিখের মধ্যে নকশা চেকিং সমাপ্ত করতে হবে। | চার্জ অফিসার<br>দিয়ারা সেটেলমেন্ট অপারেশন<br>রাজশাহী। |
| ০২. | রাজশাহী জেলাধীন বাঘা উপজেলার ৫৯নং ভানুকর মৌজার তসদিক স্তরের কার্যক্রম নির্ধারিত সময় ২৫/০২/২০২৬খ্রি. মধ্যে সমাপ্ত করতে হবে। | |

**(খ) দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, বরিশাল।**

| ক্রম: | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১. | ভোলা জেলাধীন সদর উপজেলার ৫৯নং চর হোসেন ও বরিশাল জেলার সদর উপজেলার ৭৭নং আইচা, ৮৪নং কামারপাড়া ও ৮৩নং উত্তর হায়াৎস্বর মৌজার যে সকল খতিয়ানের উপর রিট দায়ের করা হয়েছে, সে সকল খতিয়ান বাদে কার্যক্রম শুরু করতে হবে। | চার্জ অফিসার<br>দিয়ারা সেটেলমেন্ট অপারেশন<br>বরিশাল। |
| ০২. | ভোলা জেলাধীন চরফ্যাশন উপজেলার চর নাজিমউদ্দিন আলম নবগঠিত মৌজার গঠন ও নামকরণের নোটিশের বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা, চরফ্যাশন সাথে যোগাযোগ করতে হবে। প্রয়োজনে প্রতিনিধি প্রেরণ করতে হবে। | |
| ০৩. | ভোলা জেলাধীন চরফ্যাশন উপজেলার ৭২নং দক্ষিণ চর নিজাম ও ৭৩নং উত্তর চর নিজাম মৌজার আপত্তি শুনানীকালে একই দাগের জমি সরকার পক্ষ, বন বিভাগ ও বন্দোবস্তকারী ত্রিমূখী দাবীর বিষয়টি সহকারী কমিশনার (ভূমি), চরফ্যাশন, ভোলা ও জেলা প্রশাসক, ভোলা'কে অবহিত করে নিস্পত্তি করতে হবে এবং আপত্তি অফিসার নিয়োগের পুন: প্রস্তাব প্রেরণ করতে হবে। | |

| ক্রম: | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০৪. | ঝালকাঠি জেলাধীন নলছিটি উপজেলার ১২৫নং পশ্চিম চর দপদপিয়া মৌজার খানাপুরী কাম বুজারত স্তরের কার্যক্রম শুরু করার জন্য কর্মকর্তা নিয়োগের প্রস্তাব প্রেরণ করতে হবে। | চার্জ অফিসার<br>দিয়ারা সেটেলমেন্ট অপারেশন<br>বরিশাল। |
| ০৫. | পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলার ৩৯ নং পূর্ব সুবিদখালী ও ৪১ নং পশ্চিম সুবিদখালী এবং ঝালকাঠি জেলার নলছিটি উপজেলার ১২৭ নং পূর্ব চর দপদপিয়া মৌজাসমূহের খানাপুরী কাম বুঝারত স্তরের কাজ আগামী ২৮/০২/২০২৬খ্রি. তারিখের মধ্যে সমাপ্ত করতে হবে। | |

**(গ) দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, চট্টগ্রাম।**

| ক্রম: | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১. | কক্সবাজার জেলার সদর উপজেলার ১৭নং ঝিলওয়াঞ্জা মৌজার খাস ও প্রতিষ্ঠানের জমির সঠিকতা যাঁচাই-বাছাই কমিটি গঠন করতে হবে। | চার্জ অফিসার<br>দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, চট্টগ্রাম |
| ০২. | কক্সবাজার জেলাধীন সদর উপজেলার ১৭নং ঝিলওয়াঞ্জা মৌজার তসদিক স্তরের কাজ সম্পাদনের জন্য কর্মকর্তা নিয়োগের চাহিদা প্রেরণ করতে হবে। | |

**(ঘ) দিয়ারা সেটেলমেন্ট অপারেশন ক্যাম্প, নরসিংদী।**

| ক্রম: | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১. | নরসিংদী জেলাধীন মনোহরদী উপজেলার ৩২নং চর মান্দালিয়া মৌজার হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক্যাম্প অফিসার<br>দিয়ারা সেটেলমেন্ট অপারেশন ক্যাম্প, নরসিংদী। |
| ০২. | দিয়ারা সেটেলমেন্ট অপারেশন ক্যাম্প, নরসিংদী অধীন জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার ক্যাম্প অফিস হিসেবে ব্যবহৃত মালিকানাধীন ভাড়াকৃত বাড়ী আগামী এপ্রিল/২৬খ্রি. মাস হতে ছেড়ে দিয়ে সেটেলমেন্ট অফিসার, দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, ঢাকাকে অবহিত করতে হবে। | |
| ০৩. | মুন্সীগঞ্জ জেলাধীন গজারিয়া উপজেলার ১০নং হিরাদী মৌজার তসদিক স্তরের কার্যক্রম ফেব্রুয়ারি/২০২৬খ্রি ও মানিকগঞ্জ জেলাধীন ঘিওর উপজেলার তসদিক স্তরের কার্যক্রম মার্চ/২০২৬খ্রি. তারিখের মধ্যে সমাপ্ত করতে হবে। | |
| ০৪. | মানিকগঞ্জ জেলাধীন ০৪নং শুকুলিয়া, ০৫নং কাঞ্চনদিয়া ও ১১নং আলোকদিয়া মৌজার ডিপি (খসড়া প্রকাশনা) প্রস্তাব প্রেরণ করতে হবে। | |
| ০৫. | মানিকগঞ্জ জেলার সদর উপজেলার ২৩৭ নং বড় বিজুরী ও জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার ৩৬নং মির্জাপুর মৌজাসমূহের খতিয়ান ও নকশার চূড়ান্ত যাঁচ আগামী ১৫/০২/২০২৬খ্রি. তারিখের মধ্যে সমাপ্ত করতে হবে। | |

**(ঙ) অন্যান্য সিদ্ধান্তসমূহ।**

| ক্রম: | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১. | মৌজার প্রতিটি স্তরের কার্যক্রম শেষে সেটেলমেন্ট অফিসার, দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, ঢাকাকে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে। | চার্জ অফিসার/ক্যাম্প অফিসার (সকল) |
| ০২. | ১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৪২(ক) ও এস.এস ম্যানুয়াল, ১৯৩৫ এর ৫৩৩ বিধিমতে প্রাথমিক তদন্তের দ্রুত প্রতিবেদন দিতে হবে। | চার্জ অফিসার/সহকারী সেটেলমেন্ট অফিসার (চ.দা.) (সকল) |
| ০৩. | নোয়াখালী জেলাধীন হাতিয়া উপজেলার ৯৭নং চর রেজাউল মৌজার নকশার এরিয়া ত্রুটি সমাধানপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে। | কারিগরী উপদেষ্টা<br>দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, ঢাকা। |

পরিশেষে সভাপতি সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।


স্বাক্ষরিত/-
(মো: সায়েদুল আরেফিন)
সিনিয়র সহকারী সচিব ও
সেটেলমেন্ট অফিসার (ভারপ্রাপ্ত)
দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, ঢাকা।
ফোনঃ ০২-৪১০১০৭২১
e-mail: diaradhaka@gmail.com

স্মারক নং- ৩১.০৩.২৬৯২.০২১.০৬.০০৬.২৩-১৩৪ (৪০)

তারিখ: ২০ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ ফেব্রুয়ারি ২০২৬খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি/ কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১. মহাপরিচালক (গ্রেড-১), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ৯৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮।
০২. পরিচালক (ভূমি রেকর্ড/প্রশাসন/জরিপ), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ৯৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮।
০৩. জেলা প্রশাসক (সংশ্লিষ্ট), . . . ............................ . . . .
০৪. জোনাল সেটেলমেন্ট অফিসার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল।
০৫. প্রেস অফিসার, সেটেলমেন্ট প্রেস, ৯৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮।
০৬. চার্জ অফিসার, দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, চট্টগ্রাম/ঢাকা /বরিশাল/রাজশাহী- তাঁর অধীনস্থ কর্মকর্তাগণকে অনুলিপি প্রদান করে নির্দেশনা মোতাবেক কার্যসম্পাদন করার কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবেন এবং পরবর্তী সভার পূর্বেই বাস্তবায়ন অগ্রগতি দাখিল করবেন।
০৭. সদর সহকারী সেটেলমেন্ট অফিসার, দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, ঢাকা/ সহকারী সেটেলমেন্ট অফিসার. . . . . . . . . . . . . .
০৮. কারিগরী উপদেষ্টা, দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, ঢাকা
০৯. ক্যাম্প অফিসার, দিয়ারা সেটেলমেন্ট অপারেশন ক্যাম্প, ............................................ তাঁর অধীনস্থ কর্মকর্তাগণকে অনুলিপি প্রদান করে নির্দেশনা মোতাবেক কার্য সম্পাদন করার কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবেন এবং বাস্তবায়ন অগ্রগতি দাখিল করবেন।
১০. জনাব.......................................................................................... সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারী।
১১. সি,এ টু সেটেলমেন্ট অফিসার-ওয়েব সাইটে প্রকাশের জন্য/ই-মেইলে প্রেরণের জন্য।
১২. শাখা প্রধান (সকল)।
১৩. অফিস কপি।

সেটেলমেন্ট অফিসার (ভারপ্রাপ্ত)
দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, ঢাকা।